



জামায়াত আমিরের নেতৃত্বে ২১ ফেব্রুয়ারিতে শহিদ মিনারে ১১ দলের শ্রদ্ধা নিবেদন



জামায়াতে ইসলামীর আমির এবং জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের নেতৃত্বে ১১ দলীয় জোটের নেতারা কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধা জানাতে যাবেন।

শুক্রবার (২০ ফেব্রুয়ারি) দলের কেন্দ্রীয় প্রচার বিভাগের সিনিয়র প্রচার-সহকারী মুজিবুল আলম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। একই বিষয়ে সন্ধ্যায় দলের ভেরিফায়েড ফেসবুক পেজেও আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে রাষ্ট্রীয় কর্মসূচির অংশ হিসেবে সকালে ডা. শফিকুর রহমান কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করবেন। এ সময় ১১ দলীয় জোটের নবনির্বাচিত সংসদ সদস্যরাও উপস্থিত থাকবেন।

শ্রদ্ধা নিবেদন শেষে তিনি আজিমপুর কবরস্থানে গিয়ে ভাষা আন্দোলনের শহিদদের কবরে ফুল দিয়ে শ্রদ্ধা জানাবেন এবং তাদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া করবেন।